এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

১. ★



ক. খাদ্যের উপাদান কয়টি? ১
খ. বস্ত্র সভ্যতার বাহক— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে '?' স্থানে উপযুক্ত শব্দটি বসাও ও তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলো ছাড়া মানুষের প্রয়োজনীয় উল্লেখযোগ্য আর কী চাহিদা রয়েছে? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

২. ▶



ক. কত সালে 'চিকিৎসা সমাজকর্মের নাম পরিবর্তন করে 'হাসপাতাল সমাজসেবা' রাখা হয়? ১
খ. বিদ্যালয় সমাজকর্মের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সমাজকর্মের কোন শাখার ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ইঙ্গিতকৃত সমাজকর্মের শাখাটি কীভাবে শ্রম কল্যাণে ভূমিকা রাখে? মতামত দাও। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩. ▶ সুমন একাদশ শ্রেণির শিক্ষার্থী। তার পাশের বাড়ির ১৫ বছর বয়সী স্কুল পড়ুয়া মেয়েটার বিয়ে হচ্ছে। সুমন এ বিষয়টি নিয়ে তার বন্ধুদের সাথে কথা বলে। তারা এও বলে এটা একটি সামাজিক প্রত্যাশিত অবস্থা, এটা ঠেকাতে হবে। সুমন বলে যে, তাদের মেয়ে তারা বিয়ে দিচ্ছে তাতে আমাদের কী করার আছে? বন্ধুরা বলে যে, সকলে মিলে মেয়েটির বাবা-মাকে বুঝিয়ে শুনিয়ে এ বিয়ে বন্ধ করতে হবে। না হলে আইনের সাহায্য নিতে হবে।

ক. গ্রীক Problema শব্দের অর্থ কী? ১

খ. সামাজিক সমস্যা পরিমাপযোগ্য— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত পরিস্থিতি প্রতিরোধে সুমন এবং তার বন্ধুদের মনোভাবে সামাজিক সমস্যার কোন বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘটনাটি কীভাবে জনসংখ্যাস্ফীতির সাথে সম্পর্কিত হতে পারে? বুঝিয়ে লেখ। ৪

৪. ★

ক. অটিজম সম্পর্কে কে প্রথম ধারণা দেন? ১

খ. রেড ফ্ল্যাগ বলতে কী বোঝায়? ২

গ. ছকটি কী নির্দেশ করে শূন্যস্থানে? সেটি বসিয়ে ছকটি সম্পূর্ণ কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা সমাধানে Inclusive সমাজ গঠন আবশ্যক— তোমার মতামতের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫. ★ মাসুমদের বাড়ি নদী এলাকায়। আগে তাদের নদীতে প্রচুর মাছ থাকতো। অনেক মানুষ মাছ ধরে জীবিকা নির্বাহ করতো। এখন নদীতে মাছ নেই বললেই চলে। ফলে অধিকাংশ জেলে কর্মহীন হয়ে অন্য পেশায় চলে গেছে।

ক. বিশ্ব AIDS দিবস কবে? ১

খ. বেকারত্ব বলতে কী বোঝায় ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকে মাসুমদের এলাকায় জীবিকা পরিবর্তনে কীসের প্রভাব দেখা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বাংলাদেশের মানুষের জীবন-জীবিকায় উক্ত পরিবর্তনের প্রভাব আরও সুদূরপ্রসারী'- কথাটি বিশ্লেষণ কর। ৪

৬.▶ রবি লেখাপড়া করে ভালো একটি সরকারি চাকরি করে। তার ক্লাসের একটি মেয়েকে সে পছন্দ করতো। বাবা-মায়ের অনুমতি নিয়ে সে ওই মেয়েকে বিবাহ করে। তার স্ত্রীও একটি চাকরি করে। বর্তমানে তাদের দুটি সন্তান। সন্তানদের প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করা হয়েছে।

ক. ধর্ম কী? ১

খ. সামাজিক প্রতিষ্ঠান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে রবির কাজের মধ্যে দিয়ে বিবাহের কোন ধরন চিত্রিত হয়েছে? চিহ্নিত কর। ৩

ঘ. উদ্দীপকটি বিবাহের কার্যাবলির খণ্ডচিত্র মাত্র— কথাটি বিশ্লেষণ কর। ৪

৭. ★ প্রফেসর ওয়াজেদ দৈনিক খবরের কাগজ পড়ছিলেন। একটি সংবাদ তার মনকে ভীষণভাবে নাড়া দেয়। ইমরান ৯ম শ্রেণির ছাত্র। তার মা-বাবা তার জন্য সব ধরনের সুযোগ সুবিধা প্রদান করেছেন। বাবা-মা তাদের কর্মব্যস্ততার জন্য ইমরানকে সময় দিতে পারেন না। ইমরান তার বন্ধুদের নিয়ে সময় কাটায়। একদিন একটি দামি মোবাইল সেটের জন্য বন্ধুরা তাকে হত্যা করে। খোঁজ নিয়ে জানা যায়, তারা সবাই বখাটে ও মাদকাসক্ত ছিল। হত্যাকারী হওয়া সত্ত্বেও তাদের বয়স কম থাকায় প্রচলিত আইনে তাদের বিচার করা যাচ্ছে না।

ক. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধ্যাদেশ কবে গৃহীত হয়? ১

খ. মুসলিম পারিবারিক অধ্যাদেশ ১৯৬১ এর প্রধান উদ্দেশ্য কী ছিল? ব্যাখ্যা কর। ২

গ. হত্যাকারী হওয়া সত্ত্বেও ইমরানের বন্ধুদের প্রচলিত আইনে বিচার করা যাচ্ছে না কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. যে আইনে ইমরানের বন্ধুদের বিচার করা যাবে, সে আইনের তাৎপর্য ও গুরুত্ব আলোচনা কর। ৪

৮.▶ নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলায় যৌতুকের জন্য নাসরিন আক্তার নামের গৃহবধূকে শ্বাসরোধ করে হত্যা করা হয়। ঘটনার পর থেকে গৃহবধূর স্বামী, শ্বশুর-শাশুড়ি পালিয়েছে। গ্রাম বাংলায় নাসরিনের মতো অসংখ্য গৃহবধূ প্রতিদিন যৌতুকের জন্য নির্যাতন ও সহিংসতার শিকার হচ্ছে। মানবাধিকারের চরম লঙ্ঘনের শিকার অজ্ঞ-অশিক্ষিত নারীরা বছরের পর বছর ধরে মানবেতর জীবনযাপন করে আসছে।

ক. দুর্যোগ ব্যবস্থাপনায় Focal Point মন্ত্রণালয়ের নাম কী? ১

খ. কিশোর উন্নয়ন প্রতিষ্ঠান গঠনের প্রধান উদ্দেশ্য বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার প্রতিকারে নাসরিনের পরিবার কোন সরকারি মানবাধিকার প্রতিষ্ঠানের সহায়তা নিতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে নাসরিনের পরিবারের অধিকার সংরক্ষণে সমাজকর্মীর কী ভূমিকা থাকতে পারে? মূল্যায়ন কর। ৪

https://teachingbd24.com

৯. ★ টেবিলটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

কাজ	সেবা
কাগজ কুড়ানো	সাধারণ শিক্ষা
গৃহভৃত্য	কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ
হোটেল বয়	কর্মসংস্থানের ব্যবস্থা
গ্যারেজ শ্রমিক	মানবসম্পদ গঠন

ক. গ্রামীণ ব্যাংক-এর প্রতিষ্ঠাতা কে? ১
খ. প্রবীণ হিতৈষী সংঘের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন প্রতিষ্ঠানের সেবা কার্যক্রমের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শহরের শ্রমজীবী শিশুদেরকে মানব সম্পদে পরিণত করতে উদ্দীপকে ইঙ্গিতকৃত প্রতিষ্ঠানটির কার্যক্রম যুগোপযোগী ও ফলপ্রসূ— বিশ্লেষণ কর। ৪

১০. ► 'মিনা' কার্টুন বর্তমান বাংলাদেশে প্রচলিত সচেতনতা সৃষ্টিকারী সবচেয়ে জনপ্রিয় অনুষ্ঠান। তাই মাসুদ নামের একজন সচেতন যুবক গ্রামের অশিক্ষিত-নিরক্ষর মানুষ যাদের মধ্যে ছেলেমেয়েরা অধিকার নিয়ে ভ্রান্তমত প্রচলিত আছে তাদের সচেতন করার উদ্দেশ্যে মিনা কার্টুন প্রদর্শনীর ব্যবস্থা করলেন। এ প্রদর্শনীর মাধ্যমে এলাকাবাসী শিশুশিক্ষা, স্বাস্থ্যরক্ষা প্রভৃতি বিষয় সমঅধিকার সম্পর্কে সঠিক ধারণা পেল। মাসুদ শুধু এ বিষয়টিই নয়, বাংলাদেশে শিক্ষার হার বৃদ্ধিতে অসহায় শিশুদের এবং নারীশিক্ষা প্রসারেও কাজ করছেন।

ক. ওয়ার্ল্ড ভিশন কোন ধর্মীয় ভাবাদর্শে পরিচালিত হয়? ১
খ. আন্তর্জাতিক সংগঠন বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মাসুদের কার্যক্রম বাংলাদেশে কর্মরত কোন আন্তর্জাতিক সংস্থার কার্যক্রমকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সংস্থার কার্যক্রম কি শুধু উদ্দীপকে বর্ণিত বিষয়ের মধ্যেই সীমাবদ্ধ? যুক্তিসহ মতামত দাও। ৪

১১. ★ হারুন সাহেব একদিন দেখেন কলেজের পাঁচজন ছাত্রছাত্রীর একটি দল তাদের মহল্লায় প্রতিবন্ধীদের তথ্য সংগ্রহ করছে। হারুন সাহেব ছাত্রছাত্রীদের সাথে আলোচনা করে জানতে পারেন শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ছাত্রছাত্রীরা তথ্য সংগ্রহ করছে। বিষয়টি হারুন সাহেব ভালোভাবে বোঝার জন্য তার বন্ধু সমাজকর্মের অধ্যাপক ওয়াজেদের সঙ্গে আলোচনার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. মাঠকর্মের মেয়াদ কত কর্ম দিবস? ১
খ. সমাজকর্ম শিক্ষায় মাঠকর্মের উদ্দেশ্য বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত কলেজের ছাত্রছাত্রীদের কার্যক্রম সমাজকর্মের কোন বিষয়ের সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছাত্রছাত্রীদের তথ্য সংগ্রহের চূড়ান্ত উপস্থাপন কীভাবে করা যায় তোমার পাঠ্যপুস্তকের জ্ঞানের আলোকে নির্দেশনা দাও। ৪

https://teachingbd24.com

বিষয় ঃ সমাজকর্ম-দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময়- ৩০মিনিট | বহুনির্বাচনি প্রশ্ন | পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. ★ অর্থনৈতিক সমীক্ষা-২০১৭ অনুযায়ী, অভ্যন্তরীণ মুক্ত জলাশয় থেকে মাছ উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান কত?
ⓚ ১ম ⓚh ২য়
ⓖ ৩য় ⓖh ৪র্থ

২. গৃহহীন বাদশা মিয়াকে উপজেলার একটি সরকারি প্রকল্পের খাস জমিতে বাসগৃহ প্রদান করা হয়েছে। এটি সরকার গৃহীত কোন প্রকল্প?
ক) ক্ষুদ্র তহবিল প্রকল্প
খ) আশ্রয়ণ প্রকল্প
গ) সকলের জন্য গৃহ নির্মাণ প্রকল্প
ঘ) একটি বাড়ি একটি খামার প্রকল্প

৩. ★ মৌলিক মানবিক চাহিদা পূরণ অত্যাবশ্যক—
ক) মানুষের অস্তিত্ব রক্ষার জন্য
খ) মানুষের উন্নয়নের জন্য
গ) মানুষের কর্মস্পৃহা বৃদ্ধির জন্য
ঘ) মানুষের মর্যাদা বৃদ্ধির জন্য

৪. আমেরিকায় সর্বপ্রথম কে চিকিৎসা সমজাকর্মে প্রয়োগ করেন?
ক) রিচার্ড সি ক্যাবোট খ) ম্যারি রিচমন্ড
গ) জেন এডামাস ঘ) উইলিয়াম হিলি

৫. ★ NASW কত সালে ক্লিনিক্যাল সমাজকর্ম ধারণাটি ব্যবহার করে?
ক) ১৯৮৪ খ) ১৯৬০
গ) ১৯৭১ ঘ) ১৯৫৫

৬. আন্তর্জাতিক প্রবীণ দিবস কবে পালন করা হয়?
ক) ১ অক্টোবর খ) ১ এপ্রিল
গ) ২ মার্চ ঘ) ৮ এপ্রিল

৭. আয়োডিনের অভাবে কী হয়?
ক) কোয়াশিয়াকর খ) রিকেট্স
গ) ম্যারাসমাস ঘ) গলগণ্ড

৮. ★ অটিজম কী?
ক) দৈহিক প্রতিবন্ধিতা
খ) মানসিক প্রতিবন্ধিতা
গ) বৃদ্ধি প্রতিবন্ধিতা
ঘ) মস্তিষ্কের বিকাশ সংশ্লিষ্ট প্রতিবন্ধিতা

৯. বেকারত্ব হলো—
i. কর্মক্ষম হয়েও কর্মহীন অবস্থা
ii. ইচ্ছাকৃতভাবে কর্মহীন অবস্থা
iii. শারীরিক বা মানসিক বিকলাঙ্গতার কারণে কর্মহীন থাকা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১০. জাতিসংঘের ব্যাখ্যানুযায়ী মাদকাসক্তির বৈশিষ্ট্য হলো—
i. নিয়মিত মাদকদ্রব্য গ্রহণের দুর্দমনীয় ইচ্ছা
ii. মাদকের পরিমাণ বৃদ্ধির প্রবণতা
iii. মাদকদ্রব্যের উপর নির্ভরশীলতা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও:
বিবাহের সময় মিনার বয়স ছিল মাত্র ১৪ বছর। অথচ তার স্বামীর বয়স ছিল ২৮ বছর। বিবাহের দেড় বছরের মধ্যে মিনা কন্যা সন্তানের জন্ম দেয়। এখন তার দুই মেয়ে এবং দুই ছেলে। কম বয়সে অধিক সন্তান জন্ম দেয়ায় মিনার দৈহিক সৌন্দর্য লোপ পেতে থাকে। যার প্রভাবে স্বামী-স্ত্রীর সম্পর্কের অবনতি ঘটে।

১১. উদ্দীপকে মূলত কোন সমস্যার ইঙ্গিত রয়েছে?
ক) নিরক্ষরতা ও অজ্ঞতা
খ) জনসংখ্যা বৃদ্ধি
গ) বাল্যবিবাহ
ঘ) অসম বিবাহ

১২. উদ্দীপকে উল্লেখিত মিনার সমস্যা অন্যান্য যে সামাজিক সমস্যার সৃষ্টি করে তা হলো—
i. জনসংখ্যা বৃদ্ধি
ii. দরিদ্র্যতা
iii. পুষ্টিহীনতা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৩. ★ ব্যাচেলর আরিফ বিবাহ করে মেস ছেড়ে দিলেন। একটি ছোটঘর ভাড়া নিয়ে সস্ত্রীক সংসার পাতলেন। গঠিত হলো একটি পরিবার। এখানে বিবাহ ও পরিবার কী?
ক) প্রতিষ্ঠান খ) সংগঠন
গ) গোষ্ঠী ঘ) দল

Teachingbd24.com
https://teachingbd24.com

১৪. অণুলোম বিবাহ হলো—
ⓚ উচ্চ বর্ণের পুরুষ ও নিম্ন বর্ণের নারীর মধ্যে বিয়ে
ⓚ উচ্চ বর্ণের নারী ও নিম্ন বর্ণের পুরুষের মধ্যে বিয়ে
ⓖ মৃত ভাইয়ের বিধবা স্ত্রীকে বিয়ে
ⓖ মৃত স্ত্রীর বোনকে বিয়ে

১৫. ★ Ancient Society—গ্রন্থের লেখক কে?
ⓚ হেনরী মর্গান ⓚ ওয়েস্টারমার্ক
ⓖ ম্যাকাইভার ⓖ ই.বি টেইলর

১৬. Religion শব্দটি এসেছে ল্যাটিন শব্দ—
ⓚ Religare বা Religio
ⓚ Religere
ⓖ Religine
ⓖ Raligio

১৭. ★ অর্থনৈতিক সমীক্ষা-২০১৭ অনুযায়ী বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা হলো—
ⓚ ৬ কোটি ৬৭ লাখ ⓚ ১২ কোটি ৮৩ লাখ
ⓖ ৯ কোটি ৫ লাখ ⓖ ২ কোটি ২০ লাখ

১৮. পুলিশের সর্বোচ্চ পদের নাম কী?
ⓚ ইন্সপেক্টর জেনারেল
ⓚ ডি.আই.জি
ⓖ এস.পি ⓖ ওসি

১৯. ★ Law is the command of the state—উক্তিটি কার?
ⓚ উইলসন ⓚ অস্টিন
ⓖ সি রাইট ⓖ মার্শাল

২০. তালাক ঘোষণার পর চেয়ারম্যানের নোটিশ প্রাপ্তির কত দিনের পর তা কার্যকর হয়?
ⓚ ৩০ দিন ⓚ ৫০ দিন
ⓖ ৭০ দিন ⓖ ৯০ দিন

২১. ধর্ষণের ফলে জন্ম নেয়া শিশুর ভরণ পোষণ ব্যয় কে বহন করবে?
i. ধর্ষক পুরুষ
ii. ধর্ষিতা নারী
iii. রাষ্ট্র
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২২. কত সালে সমাজকল্যাণ মন্ত্রণালয় একটি পৃথক মন্ত্রণালয় হিসেবে আত্মপ্রকাশ করে?
ⓚ ১৯৭৮ ⓚ ১৯৮২
ⓖ ১৯৮৪ ⓖ ১৯৮৯

২৩. ★ Juvenile Delinquency— শব্দের অর্থ কী?
ⓚ অপরাধী ⓚ কিশোর অপরাধী
ⓖ কারাবন্ধী ⓖ মুক্তিপ্রাপ্ত কয়েদি

২৪. ★ নিচের কোনটি দুর্যোগ সংক্রান্ত বিষয়ের সাথে সম্পৃক্ত?
ⓚ SDG লক্ষ্য-১: No Poverty
ⓚ SDG লক্ষ্য-২: Zero Hunger
ⓖ SDG লক্ষ্য-৩: Good Health & wellbeing
ⓖ SDG লক্ষ্য-১৩: Climate Change

২৫. "আড়ং" কোন প্রতিষ্ঠানের বিক্রয় কেন্দ্র?
ⓚ গ্রামীণ ব্যাংক ⓚ ব্র্যাক
ⓖ আশা ⓖ প্রশিকা

২৬. ★ UCEP-এর লক্ষ্য দল হলো—
ⓚ শ্রমজীবী শহরে দরিদ্র শিশু
ⓚ গ্রামীণ দরিদ্র শিশু
ⓖ শহরে দরিদ্র নারী
ⓖ গ্রামীণ নির্যাতিতা নারী

২৭. সামগ্রিক মাঠকর্ম অনুশীলনের ভিত তৈরি করে কোন কৌশল?
ⓚ তথ্য সংগ্রহ কৌশল
ⓚ গ্রহণ কৌশল
ⓖ সম্পর্ক স্থাপন কৌশল
ⓖ সমস্যা নিরূপণ কৌশল

২৮. ★ A Memory of Solferino— কী?
ⓚ হেনরি ডুনান্ট লিখিত একটি বই
ⓚ বব পিয়ার্স এর লিখিত একটি গ্রন্থ
ⓖ ইটালীর একটি গ্রন্থের নাম
ⓖ ফ্রান্স-অস্ট্রিয়া যুদ্ধের নাম

২৯. ★ মাঠকর্মের সর্বশেষ ধাপ কী?
ⓚ তত্ত্বাবধান
ⓚ দল গঠন
ⓖ পরিকল্পনা
ⓖ প্রতিবেদন তৈরি করা

৩০. মাঠকর্মের গুরুত্বপূর্ণ উপাদান হলো—
i. শিক্ষার্থী
ii. তত্ত্বাবধায়ক
iii. সামাজিক এজেন্সী
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

উত্তর																														
	১	ঘ	২	খ	৩	ক	৪	ক	৫	ক	৬	ক	৭	ঘ	৮	ঘ	৯	ক	১০	ঘ	১১	গ	১২	ঘ	১৩	ক	১৪	খ	১৫	ক
	১৬	খ	১৭	গ	১৮	ক	১৯	খ	২০	ঘ	২১	গ	২২	ঘ	২৩	খ	২৪	ঘ	২৫	খ	২৬	ক	২৭	ক	২৮	ক	২৯	ঘ	৩০	ঘ

https://teachingbd24.com